

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০০৩.২২.১৬

তারিখ: ২৭ পৌষ ১৪২৯  
১১ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **Policy Formulation, E-governance & ICT** প্রশিক্ষণ কোর্সের ৫ম ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিয়াম ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses (1st Revised)' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় Policy Formulation, E-governance & ICT প্রশিক্ষণ কোর্সের ৫ম ব্যাচ আগামী ফেব্রুয়ারি/২০২৩ মাস হতে বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় শুরু হবে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য ১৫-২০ জন কর্মকর্তা মনোনয়ন প্রদান করা হবে। কোর্সের মেয়াদ ৩০ দিন। কোর্সের ১ম অংশ অভ্যন্তরীণ ১৫ দিন ও ২য় অংশ বৈদেশিক ১৫ দিন। বর্ণিত প্রশিক্ষণে সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিববৃন্দ আবেদন করতে পারবেন যাদের বয়স যাদের বয়স অনূর্ধ্ব ৫৪ বছর।

০২। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা উল্লিখিত বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ বা উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন, বর্ণিত প্রকল্পের আওতায় কোনো প্রশিক্ষণ গ্রহণ করেছেন, এ বছরে এনডিসি কোর্সের জন্য মনোনীত হয়েছেন বা এনডিসি কোর্স সমাপ্ত করেছেন, দীর্ঘমেয়াদে কোনো প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৩। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাগণ আগামী ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, কক্ষ-১০১, ভবন নং-৩, ২য় তলা} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

সংযুক্তি: আবেদন ফরম।



১১-১-২০২৩

মোঃ মিনহাজুর রহমান  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ২২৩৩৫৭১১৩

ইমেইল: it3@mopa.gov.bd

কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।